গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী শাখা
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.১৩.০০১.২৪-২০ | তারিখ: ২৬ চৈত্র, ১৪৩২ / ০৯ এপ্রিল, ২০২৬

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের জানুয়ারি/২০২৬ থেকে জুন/২০২৬ পর্যন্ত উপবৃত্তি প্রদানের নিমিত্ত EESP MIS সিস্টেমের লাইভ সার্ভারে অনুদানভুক্ত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার ছাত্রদের ক্লাস আপডেট ও নতুন তথ্য এন্টি প্রদান সংক্রান্ত।

সূত্র: ০১। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং: ০৭.১০২.০২০.০০.০৯.০০৯.২০১০-১৪২; তারিখ: ০৮/০৪/২০২৪ খ্রি.
০২। টিএমইডির স্মারক নং: ৫৭.০০.০০০০.০০০.০৫৭.২৯,০০০১.২৪.৪৮; তারিখ: ২৩ ফেব্রুয়ারি ২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ অর্থবছরের জানুয়ারি/২০২৬ থেকে জুন/২০২৬ পর্যন্ত উপবৃত্তি প্রদানের নিমিত্ত EESP MIS সিস্টেমের লাইভ সার্ভারের ইউআরএল এড্রেস (httpsmesp.finance.gov.bd mesp-login) প্রদান করা হয়েছে। অনুদানভুক্ত স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার ছাত্রদের ক্লাস আপডেট ও নতুন তথ্য এন্টির জন্য উক্ত ইউআরএল এড্রেসে প্রবেশ করে প্রতিষ্ঠান প্রধান ছাত্রদের ক্লাস আপডেট ও নতুন তথ্য এন্টি প্রদানের কার্যক্রম সম্পন্ন করে আগামী ২৩ এপ্রিল/২০২৬ খ্রি. বিকাল ৫.০০ এর মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করবেন। পরবর্তীতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণকে ক্লাস আপডেট যাচাই-বাছাই করা এবং নতুন তথ্য এন্ট্রির কার্যক্রম আগামী ৩০ এপ্রিল/২০২৬ খ্রি. বিকাল ৫.০০ এর মধ্যে চূড়ান্ত অনুমোদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

লিংক: mesp.finance.gov.bd

০৯/০৪/২০২৬
ড. কে এম শফিকুল ইসলাম
উপ-পরিচালক (অর্থ)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন: ৪১০৩০১৬৪

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
২। এবতেদায়ী প্রধান, অনুদানভুক্ত সকল এবতেদায়ী মাদ্রাসা

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.১৩.০০১.২৪-২০ | তারিখ: ২৬ চৈত্র, ১৪৩২ / ০৯ এপ্রিল, ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
১। জাতীয় কর্মসূচি পরিচালক, SPFMS কর্মসূচি ও অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।


০৯/০৪/২০২৬
ইবাদাৎ হোসাইন
সহকারী পরিচালক (দাখিল ও এবতেদায়ী)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

CamScanner

# <u>প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শ্রেণি হালানাগাদকরণ প্রক্রিয়া</u>


## বেনিফিসিয়ারি শিক্ষার্থী : শিক্ষার্থীর শ্রেণি হালনাগাদ

২০২৫ শিক্ষাবর্ষে যেসব বেনিফিসিয়ারি শিক্ষার্থী শ্রেণি উন্নীত হয়েছে, প্রমোশন/ প্রাথমিক চক্রের সমাপ্তি হয়েছে/ পুনরাবৃত্ত শিক্ষার্থী হিসেবে আছে/ বিদ্যালয়ে অধ্যয়নরত: নেই যেকোন অবস্থানের জন্য সে বেনিফিসিয়ারি শিক্ষার্থীদের তথ্য হালনাগাদ করতে হবে। প্রতিষ্ঠান প্রধান তার ইউজার আইডি দিয়ে এসকল তথ্য হালনাগাদ করবেন। হালনাগাদ করার জন্য **বেনিফিসিয়ারি শিক্ষার্থী** মডিউল থেকে **শিক্ষার্থীর শ্রেণী হালনাগাদ** সাবমডিউলে ক্লিক করলে শিক্ষার্থীর তথ্য সম্বলিত একটি পেজ আসবে। প্রত্যেক শিক্ষার্থীর ডানপাশে **ভিউ** এবং **এডিট** দুইটি আইকন বাটন থাকবে। যা চিত্র-১ এ দেখানো হলো:





<u>চিত্র: ১</u>

ভিউ বাটনে ক্লিক করলে একটি পেজ আসবে যেটা শুধুমাত্র বেনিফিসিয়ারি শিক্ষার্থীর প্রোফাইল দেখা যাবে। চিত্র-২ এ দেখানো হল:




**চিত্র: ২**


এডিট বাটনে ক্লিক করলে ক্লাস আপডেট করার জন্য চিত্র-৩ এ প্রদর্শিত একটি পেজ আসবে।




**চিত্র- ৩**

চিত্র-৩ অনুযায়ী শিক্ষার্থী প্রথমে কারণ নির্বাচন করুন এ ক্লিক করবেন। এক্ষেত্রে একটি ড্রপ ডাউন মেন্যু আসবে এবং তার মধ্য থেকে একটি কারণ সিলেক্ট করতে হবে। এরপর রোল লিখে সংরক্ষণ বাটনে ক্লিক করলে ক্লাস আপডেট হয়ে যাবে।

কারণ নির্বাচনের ক্ষেত্রে তিনটি অপশন ড্রপডাউন মেন্যুতে পাওয়া যাবে। ক্লাস ১ থেকে ক্লাস ৪ পর্যন্ত কারণ নির্বাচনের অপশনগুলো হলো শ্রেণি প্রমোশন, পুনরাবৃত্তি ও বিদ্যালয়ে অধ্যয়নরত নাই। চিত্র: ৪ এ দেখানো হলো





চিত্র- ৪

i. **শ্রেণি প্রমোশন:** শ্রেনি প্রমোশন এ ক্লিক করলে শ্রেণি উন্নীত হবে। এক্ষেত্রে শ্রেণি পরিবর্তনের সুযোগ থাকবে না।

ii. **পুনরাবৃত্ত:** পুনরাবৃত্ত ক্লিক করলে একই শ্রেণিতে থাকবে। এক্ষেত্রে শ্রেণি পরিবর্তনের সুযোগ থাকবে না।

iii. **বিদ্যালয়ে অধ্যয়নরত নাই:** এই অপশনে ক্লিক করলে শিক্ষার্থী বিদ্যালয়ে অধ্যয়ন করছে না বিধায় সেই শিক্ষার্থী তখন নিষ্ক্রিয় হয়ে যাবে। এই শিক্ষার্থী পরবর্তী কার্যক্রমে আসবে না যতক্ষণ না তাকে পুনরায় সক্রিয় করা হবে।

শুধুমাত্র ৫ম শ্রেণির জন্য ক্লাস আপডেট এ প্রমোশন এর পরিবর্তে প্রাথমিক চক্রের সমাপ্তি হবে (চিত্র-৫)।





চিত্র- ৫

iv. **প্রাথমিক চক্রের সমাপ্তি:** প্রাথমিক চক্রের সমাপ্ত হলে সেই শিক্ষার্থীকে পরবর্তীতে চাহিদা, ট্রান্সফার, ডাটা আপডেট কোন মেন্যুতে পাওয়া যাবে না এবং পেমেন্ট প্রদান করা যাবে না।

## বেনিফিসিয়ারি শিক্ষার্থী : শ্রেণি হালনাগাদ: উপজেলায় জমাদান


ইতোপূর্বে প্রতিষ্ঠান যেসব বেনিফিশিয়ারি শিক্ষার্থীর শ্রেণি হালনাগাদ করেছেন তার সব তথ্য **বেনিফিশিয়ারি শিক্ষার্থী মেন্যু** অংশে **শ্রেণি হালনাগাদ: উপজেলায় জমাদান** সাবমেন্যুতে জমা হবে। প্রতিষ্ঠান প্রধান **শ্রেণি হালনাগাদ: উপজেলায় জমাদান** সাবমেন্যুতে ক্লিক করলে একটি পেজ আসবে যা চিত্র- ৬ এ দেখানো হলো:




চিত্র- ৬

প্রদর্শিত পেজ এ প্রতিষ্ঠান প্রধান প্রত্যেক শিক্ষার্থীর নাম, জন্মসনদ নাম্বার এবং বর্তমান শ্রেণি, শিফট, শাখা এবং রোল দেখতে পারবেন এবং পূর্বের শ্রেণি, রোল দেখতে পারবেন। ডান পাশে ভিউ বাটনে ক্লিক করে শিক্ষার্থীর প্রোফাইল দেখা যাবে। প্রতিষ্ঠান প্রধান একসাথে অল সিলেক্ট করে অথবা আলাদা সিলেক্ট করে **উপজেলায় পাঠান** বাটনে ক্লিক করলে উপজেলার কাছে চলে যাবে। তথ্য ভুল থাকলে এবং পুনরায় ক্লাস আপডেট করতে চাইলে **সংশোধন/সংশোধনপূর্বক পুনরায় উপস্থাপন** বাটনে ক্লিক করলে শিক্ষার্থীর শ্রেণি হালনাগাদ মেন্যুতে ফেরত যাবে।

তথ্য আলাদা সিলেক্ট করার জন্য চিত্র-৭ অনুসরণ করুন। এক বা একাধিক ডাটা সিলেক্ট করার জন্য নির্দিষ্ট শিক্ষার্থীর বাম পার্শ্বে বক্সে ক্লিক করলে সিলেক্ট হয়ে যাবে। এভাবে একাধিক শিক্ষার্থীকে সিলেক্ট করা যাবে।




| | নাম | জন্ম সনদের নম্বর | শ্রেণি | রোল | শ্রেণি(পুরাতন) | রোল(পুরাতন) | পরিবর্তনের কারণ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ☐ | রিফাত হোসেন আরজু | ২০১৯৪৭১৫৩৯৪১০৫৮৩০ | দ্বিতীয় শ্রেণি | ০৩ | প্রথম শ্রেণি | ০৩ | শ্রেণি প্রমোশন | |
| ☐ | আরাফাত রহমান আবির | ২০১৮৪৭১৫৩৫৫১০৩২৪৮ | দ্বিতীয় শ্রেণি | ১১ | প্রথম শ্রেণি | ১১ | শ্রেণি প্রমোশন | |
| ✓ | রুয়ানা ইয়াসমিন রাফি | ২০১৯৪৭১৫৩৫৫১২৫২৮৩ | দ্বিতীয় শ্রেণি | ১৬ | প্রথম শ্রেণি | ১৬ | শ্রেণি প্রমোশন | |
| ✓ | মেহেজাবিন আক্তার আয়েশা | ২০১৯২৯৩৮৪৮৫১১০৫৬১ | প্রথম শ্রেণি | ৪ | প্রথম শ্রেণি | ৪ | পুনরাবৃত্তি | |
| ☐ | মারিয়া ইসলাম মনি | ২০১৮২৯১১০৭৯১০৮০৯৬ | প্রথম শ্রেণি | ৭ | প্রথম শ্রেণি | ৭ | পুনরাবৃত্তি | |
| ☐ | হাবিবুল্লাহ ইসলাম | ২০২১২৯১১০৭৯১০৮৮৩৫ | প্রথম শ্রেণি | ৯ | প্রথম শ্রেণি | ৯ | বিদ্যালয়ে অধ্যয়নরত নাই | |
| ✓ | মুসফিকা কাজী রাত্রি | ২০১৮২৯১১০৭৯১০৪১১১ | প্রথম শ্রেণি | ৪০ | প্রথম শ্রেণি | ৪০ | বিদ্যালয়ে অধ্যয়নরত নাই | |
| ☐ | আব্দুল ওসমান গনী | ২০১৮২৯৩৮৪৮৫১২১৯৭৪ | দ্বিতীয় শ্রেণি | ৩ | প্রথম শ্রেণি | ৩ | শ্রেণি প্রমোশন | |
| ☐ | খালিদ হোসেন মোল্লা | ২০১৯২৯১১০৭৯১০৪৩০৮ | দ্বিতীয় শ্রেণি | ৬ | প্রথম শ্রেণি | ৬ | শ্রেণি প্রমোশন | |
| ☐ | হাসিবুল | ২০১৪২৯৩৮৪৮৫১০৭৩৯৩ | পঞ্চম শ্রেণি | ৯ | পঞ্চম শ্রেণি | ৯ | প্রাথমিক চক্রের সমাপ্তি | |

১২ টা এন্ট্রির মধ্যে ১ থেকে ১০ পর্যন্ত দেখানো হচ্ছে

১ ২ পরবর্তী


উপজেলায় পাঠান | সংশোধন/ সংশোধনপূর্বক পুনরায় উপস্থাপন

চিত্র- ৭

# উপজেলা (ইউএসইও/টিএসইও) কর্তৃক শ্রেণি হালনাগাদের অনুমোদন প্রক্রিয়া

## বেনিফিসিয়ারি শিক্ষার্থী : শ্রেণি হালনাগাদ: উপজেলায় অনুমোদন

**বেনিফিসিয়ারি শিক্ষার্থী** মেন্যুতে ক্লিক করে **শ্রেণি হালনাগাদ: উপজেলায় অনুমোদন** সাবমেন্যুতে ক্লিক করলে একটি পেজ আসবে । চিত্র-৮ এ দেখানো হলো।





চিত্র- ৮

উপজেলার অধীনে মাদ্রাসা প্রতিষ্ঠান থেকে প্রেরিত শিক্ষার্থীর তথ্য এখানে এসে জমা হবে। এই পেজ এ প্রত্যেক শিক্ষার্থীর নাম জন্মসনদ নাম্বার, শ্রেণি, শিফট, শাখা, রোল (বর্তমান ও পুরাতন তথ্য) এবং পরিবর্তনের কারণ দেখা যাবে। এছাড়াও প্রত্যেক শিক্ষার্থীর ডান দিকে ভিউ বাটনে ক্লিক করলে শিক্ষার্থীর প্রোফাইল দেখা যাবে। চিত্র-৯ এ দেখানো হলো।




চিত্র- ৯

উপজেলা শিক্ষা অফিসার তথ্য যাচাইবাছাই করে সবকিছু ঠিক থাকলে অল ক্লিক করে **অনুমোদন** বাটনে ক্লিক করলে শিক্ষার্থী চূড়ান্তভাবে অনুমোদিত হবে। কোন তথ্যে ত্রুটি থাকলে সেগুলোর একটি অথবা একাধিক নির্বাচন করে মাদ্রাসা প্রতিষ্ঠানের কাছে ফেরত পাঠানোর জন্য **সংশোধন/সংশোধনপূর্বক পুণরায় উপস্থাপন করুন** বাটনে ক্লিক করবেন। ফলে শিক্ষার্থীর তথ্য প্রতিষ্ঠানের কাছে ফেরত যাবে এবং তিনি প্রয়োজনে আবারও শিক্ষার্থী হালনাগাদের সুযোগ পাবেন।




| | নাম | জন্ম সনদের নম্বর | শ্রেণি | রোল | শ্রেণি(পুরাতন) | রোল(পুরাতন) | পরিবর্তনের কারণ |
|---|---|---|---|---|---|---|---|
| ☐ | ওমর ফারুক | ২০১৭৪৭১৫৩৯৪১০২৫৩৯ | প্রথম শ্রেণি | ১২ | প্রথম শ্রেণি | ১২ | বিদ্যালয়ে অধ্যয়নরত নাই |
| ☐ | মুয়াজ হোসাইন | ২০১৮৪৭১৫৩৯৪১০৫৮১৭ | প্রথম শ্রেণি | ২১ | প্রথম শ্রেণি | ২১ | পুনরাবৃত্তি |
| ☐ | রিফাত হোসেন আরজু | ২০১৯৪৭১৫৩৯৪১০৫৮৩০ | দ্বিতীয় শ্রেণি | ০৩ | প্রথম শ্রেণি | ০৩ | শ্রেণি প্রমোশন |
| ✓ | জাকিয়া সুলতানা | ২০১৯৪৭১৫৩৫৫১২৪৩৪৪ | দ্বিতীয় শ্রেণি | ৫ | প্রথম শ্রেণি | ৫ | শ্রেণি প্রমোশন |
| ☐ | আরাফাত রহমান আবির | ২০১৮৪৭১৫৩৫৫১০৩২৪৮ | দ্বিতীয় শ্রেণি | ১১ | প্রথম শ্রেণি | ১১ | শ্রেণি প্রমোশন |
| ☐ | মোঃ আলি হাসান খোকা | ২০২০৪৭১৫৩৫৫১০৬৬৫০ | দ্বিতীয় শ্রেণি | ১৩ | প্রথম শ্রেণি | ১৩ | শ্রেণি প্রমোশন |
| ☐ | ফতেমা খাতুন | ২০১৭৪৭১৫৩৫৫১০২০১২ | দ্বিতীয় শ্রেণি | ১৪ | প্রথম শ্রেণি | ১৪ | শ্রেণি প্রমোশন |
| ☐ | রুয়ানা ইয়াসমিন রাফি | ২০১৯৪৭১৫৩৫৫১২৫২৮৩ | দ্বিতীয় শ্রেণি | ১৬ | প্রথম শ্রেণি | ১৬ | শ্রেণি প্রমোশন |
| ☐ | মোঃ জোনায়েদ হোসেন | ২০১৯৪৭১৫৩৫৫১২৬১৪১ | দ্বিতীয় শ্রেণি | ১৯ | প্রথম শ্রেণি | ১৯ | শ্রেণি প্রমোশন |
| ☐ | ফারজানা আক্তার | ২০১৯৪৭১৫৩৫৫১২৪৩৩৮ | দ্বিতীয় শ্রেণি | ২০ | প্রথম শ্রেণি | ২০ | শ্রেণি প্রমোশন |

১২ টা এন্ট্রির মধ্যে ১ থেকে ১০ পর্যন্ত দেখানো হচ্ছে

১ ২ পরবর্তী


অনুমোদন | সংশোধন/ সংশোধনপূর্বক পুনরায় উপস্থাপন

চিত্র- ১০

# অনুমোদিত শ্রেণি হালনাগাদ

## শ্রেণি হালনাগাদ: অনুমোদিত

এই মেন্যুতে উপজেলা কর্তৃক অনুমোদিত শ্রেণি হালনাগাদ এর তালিকা দেখা যাবে। প্রতিষ্ঠানের ক্ষেত্রে শুধুমাত্র তার প্রতিষ্ঠানের শিক্ষার্থীর তালিকা দেখতে পারবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তার অধীনে সকল মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের অনুমোদিত শ্রেণি হালনাগাদ এর তালিকা দেখতে পারবে। হালনাগাদকৃত শিক্ষার্থীর স্ট্যাটাস এ ক্লিক করে সক্রিয়, নিষ্ক্রিয়, ৫ম শ্রেণি সমাপ্তি শিক্ষার্থীদের তালিকা দেখা যাবে।




উল্লেখ্য, বিগত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের শ্রেণি হালনাগাদ করা না হলে তাদের তথ্য চাহিদায় আসবে না এবং তারা অনিয়মিত শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে।

**নোট**: হালনাগাদকৃত শিক্ষার্থীর মধ্যে যাদের **শ্রেণি প্রমোশন** কারণ নির্বাচন করে হালনাগাদ করা হবে শুধুমাত্র সেই শিক্ষার্থীদের তথ্য চাহিদায় আসবে। এবং যাদের **শ্রেণি চক্রের সমাপ্তি** বা **পুনরাবৃত্ত** বা **বিদ্যালয়ে অধ্যয়নরত নেই** কারণ নির্বাচন করে শ্রেণি হালনাগাদ করা হবে সেই শিক্ষার্থীদের তথ্য চাহিদায় আসবে না এবং পেমেন্ট পাবে না। পরবর্তী বছরে সেইসব শিক্ষার্থীদের শ্রেণি হালনাগাদ করা যাবে যাদের **শ্রেণি প্রমোশন** এবং **পুনরাবৃত্ত** কারণ দিয়ে শ্রেণি হালনগাদ করা হয়েছিল। তবে যাদের **বিদ্যালয়ে অধ্যয়নরত নেই** কারণ হিসেবে শ্রেণি হালনাগাদ করা হয়েছিল তাদের শ্রেণি হালনাগাদ করতে চাইলে আগে সক্রিয় করে তারপর শ্রেণি হালনাগাদ করতে হবে।